# বাংলাদেশ বিমান বাহিনীতে অফিসার ক্যাডেট হিসেবে যোগ দিন

বাংলাদেশ বিমান বাহিনী
বাংলার আকাশ রাখিব মুক্ত

**DE 2022A COURSE**
**যোগদানের সম্ভাব্য তারিখ: ০১ জানুয়ারি ২০২২**

## শিক্ষাগত যোগ্যতা

| | |
|---|---|
| এডমিন (পশু চিকিৎসক) | মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান উভয় পরীক্ষায় বিজ্ঞান শাখায় জিপিএ ৪.৫০ এবং উভয় পরীক্ষায় পদার্থ ও গণিতে ন্যূনতম লেটার গ্রেড 'এ' থাকতে হবে;<br>অথবা<br>GCE 'ও' লেভেলে পদার্থ ও গণিতসহ কমপক্ষে ৫টি বিষয়ে ন্যূনতম লেটার গ্রেড- 'বি' এবং GCE 'এ' লেভেল পরীক্ষায় পদার্থ ও গণিতে ন্যূনতম লেটার গ্রেড-'বি' থাকতে হবে। |
| | যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সিজিপিএ ৩.০০ সহকারে ভেটেনারি মেডিসিন (ডিভিএম) ডিগ্রির অধিকারী হতে হবে। |

## প্রশিক্ষণ/কমিশন

বাংলাদেশ বিমান বাহিনী একাডেমিতে ৬ মাস প্রশিক্ষণ শেষে 'ফ্লাইং অফিসার' পদবীতে কমিশন প্রদান করা হবে।

## অন্যান্য যোগ্যতা

নাগরিকত্ব : বাংলাদেশি পুরুষ/মহিলা নাগরিক।
বৈবাহিক অবস্থা : অবিবাহিত/বিবাহিত।
বয়স : ২০ থেকে ৩০ বছর (০১ জানুয়ারি ২০২২ তারিখে), বয়সের ক্ষেত্রে হলফনামা গ্রহণযোগ্য নয়।
উচ্চতা : *পুরুষ প্রার্থী* : কমপক্ষে ৬৪ ইঞ্চি। *বুকের মাপ:* কমপক্ষে ৩২ ইঞ্চি। *প্রসারণ:* ২ ইঞ্চি।
*মহিলা প্রার্থী* : কমপক্ষে ৬২ ইঞ্চি। *বুকের মাপ:* কমপক্ষে ২৮ ইঞ্চি। *প্রসারণ:* ২ ইঞ্চি।
ওজন : বয়স ও উচ্চতানুযায়ী। চোখ : ৬/৬ অথবা বিধি অনুসারে।

## বিশেষ যোগ্যতা

এডমিন (পশু চিকিৎসক) নিয়োগ: অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধীকার প্রদান করা হবে।

## প্রার্থীর জন্য অযোগ্যতা

১। সেনা/নৌ/বিমান বাহিনী অথবা অন্য কোনো সরকারি চাকরি হতে বরখাস্ত/অপসারিত।
২। আইএসএসবি পরীক্ষায় দু'বার স্ক্রিন্ড আউট অথবা দু'বার প্রত্যাখ্যাত (একবার স্ক্রিন্ড আউট এবং একবার প্রত্যাখ্যাত প্রার্থীরা আবেদন করতে পারবে)।
৩। যে কোনো ফৌজদারী অপরাধের জন্য আদালত কর্তৃক দণ্ডপ্রাপ্ত।
৪। সিএমবি অথবা আপীল মেডিক্যাল বোর্ড কর্তৃক প্রত্যাখ্যাত।
৫। প্রার্থীর জন্য বয়স ১৯ বছর হওয়ার পূর্বে Refractive Surgery করা হলে গ্রহণযোগ্য নয়।
বি. দ্র. আইএসএসবি পরীক্ষায় দু'বার স্ক্রিন্ড আউট অথবা দু'বার প্রত্যাখ্যাত প্রার্থীগণ যোগ্যতা সাপেক্ষে আবেদন করতে পারবে। শেষ স্ক্রিন্ড আউট/প্রত্যাখ্যাত হওয়ার ৫ (পাঁচ) বছরের মধ্যে আবেদন করতে পারবে না।

## নির্বাচন পদ্ধতি

১। প্রাথমিক লিখিত পরীক্ষা: আইকিউ, ইংরেজি ও সাধারন জ্ঞান; ২। প্রাথমিক ডাক্তারী পরীক্ষা; ৩। প্রাথমিক মৌখিক পরীক্ষা; ৪। বিশেষ নির্বাচন পর্ষদ; ৫। কেন্দ্রীয় চিকিৎসা পর্ষদ (সিএমবি) কর্তৃক চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা।

বি. দ্র. পরীক্ষাকেন্দ্রে সকল প্রকার ইলেকট্রনিক ডিভাইস (মোবাইল, ক্যালকুলেটর ইত্যাদি) এবং ব্যাগ বহন করা সম্পূর্ণ নিষিদ্ধ।

## বিশেষ সুযোগ-সুবিধা

প্রশিক্ষণকালীন অফিসার ক্যাডেটদের মাসিক বেতন ১০,০০০.০০ টাকা এবং প্রশিক্ষণ শেষে পদবি অনুসারে আকর্ষণীয় বেতন ও ভাতাদি প্রাপ্য।

**ভর্তির বিষয়ে কোনো অসৎ ব্যক্তি অথবা প্রতারকের সাথে যোগাযোগ করা থেকে বিরত থাকার জন্য হুঁশিয়ারি প্রদান করা হলো।**

**পরীক্ষা গ্রহণের দিন সকাল ০৮০০ ঘটিকার মধ্যে প্রার্থীকে অবশ্যই উপস্থিত থাকতে হবে।**

| পরীক্ষার তারিখ | পরীক্ষা কেন্দ্র |
|---|---|
| ২৪, ২৫, ২৮ ও ২৯ নভেম্বর ২০২১ | বাংলাদেশ বিমান বাহিনী তথ্য ও নির্বাচনী কেন্দ্র, পুরাতন বিমানবন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫। |

বি. দ্র. কোনো প্রার্থী নির্ধারিত পরীক্ষার দিন উপস্থিত হতে অপারগ হলে বর্ণিত সময়ের মধ্যে যে কোনো দিন উপস্থিত হয়ে উক্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে পরীক্ষার তারিখ পরিবর্তনের বিষয়টি পূর্বেই সরাসরি বাংলাদেশ বিমান বাহিনী তথ্য ও নির্বাচনী কেন্দ্রে টেলিফোনের মাধ্যমে জানাতে হবে।

## আবেদনপত্র সংগ্রহের নিয়মাবলী

আবেদনপত্র সংগ্রহের জন্য সেন্ট্রাল নন-পাবলিক ফান্ড, বিএএফ-এর অনুকূলে ১,০০০/- (এক হাজার) টাকা মূল্যের অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার জমা দিতে হবে। প্রতি কার্যদিবসে ০৮০০ ঘটিকা হতে ১৪০০ ঘটিকা পর্যন্ত বাংলাদেশ বিমান বাহিনীর সকল ঘাঁটি ও ইউনিট এবং তেজগাঁও বিমানবন্দরস্থ বিমান বাহিনী তথ্য ও নির্বাচনী কেন্দ্র হতে আবেদনপত্র সংগ্রহ করা যাবে। ব্যাংক ড্রাফট অবশ্যই ট্রাস্ট ব্যাংক, অগ্রণী ব্যাংক, সোনালী ব্যাংক, রূপালী ব্যাংক, জনতা ব্যাংক অথবা ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক-এর যে কোনো শাখায় পরিশোধযোগ্য হতে হবে।
বি. দ্র. ভাঁজ করা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার গ্রহণযোগ্য নয়।

## অনলাইনে আবেদনের নিয়মাবলী

অনলাইন পদ্ধতিতে সরাসরি www.joinairforce.mil.bd ওয়েবসাইটে 'Apply Now' এ ক্লিক করে পরবর্তী নির্দেশনা অনুযায়ী রেজিস্ট্রেশন করে অনলাইন পদ্ধতিতে ১,০০০/- টাকা পরিশোধ করা হলে রেজিষ্ট্রিকৃত মোবাইল নম্বরে ইউজার আইডি এবং পাসওয়ার্ড প্রেরণ করা হবে। এই ইউজার আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করে 'Login' -এ ক্লিক করে অনলাইনে আবেদনপত্র পূরণ ও প্রিন্ট করতে হবে। এরপর উক্ত আবেদনপত্র প্রাথমিক লিখিত পরীক্ষার নির্ধারিত তারিখে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত সংখ্যক ছবি ও অন্যান্য সনদের ফটোকপিসহ বিমান বাহিনী তথ্য ও নির্বাচনী কেন্দ্রে জমা দিতে হবে।

**অনলাইনে আবেদনের সময়সীমা: ২০ নভেম্বর ২০২১ থেকে ২৮ নভেম্বর ২০২১।* শর্ত প্রযোজ্য**

## আবেদনপত্র জমাদানের নিয়মাবলী

প্রার্থীদের আবেদনপত্র সঠিকভাবে পূরণ করতঃ পরীক্ষার সময় নিম্নবর্ণিত সনদসহ পরীক্ষা কেন্দ্রে উপস্থিত থাকতে হবে:
১। সকল শিক্ষাগত যোগ্যতার সাময়িক সনদ, প্রশংসাপত্র এবং নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি।
২। সরকার কর্তৃক অনুমোদিত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব, বৈবাহিক অবস্থা ও স্থায়ী ঠিকানার সনদ জমা দিতে হবে। সনদের সাথে সনদ প্রদানকারী কর্তৃপক্ষের মোবাইল নম্বর সংযুক্ত করতে হবে।
৩। সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের ১২ কপি সত্যায়িত ছবি (অবশ্যই ল্যাব প্রিন্ট ও পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে কলারসহ শার্ট পরিহিত হতে হবে)।
৪। বর্তমান অথবা সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ।
৫। চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে স্ব স্ব কর্মস্থল/প্রতিষ্ঠানের প্রধানের নিকট হতে প্রার্থীতার জন্য অনুমতিপত্র।
৬। জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।
৭। দাবীকৃত সমমানের শিক্ষাগত যোগ্যতার বিষয়ে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত ফটোকপি।

**শর্ত প্রযোজ্য: সকল নিয়ম ও শর্ত বিমান বাহিনী কর্তৃপক্ষ পরিবর্তন ও পরিবর্ধনের ক্ষমতা সংরক্ষণ করে।**



রিক্রুটমেন্ট পরিদপ্তর, বিমান বাহিনী সদর দপ্তর, ঢাকা সেনানিবাস। বিস্তারিত তথ্য ও যোগাযোগের জন্য: বাংলাদেশ বিমান বাহিনী তথ্য ও নির্বাচনী কেন্দ্র, পুরাতন বিমানবন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫।

১৬১২৫ | www.joinairforce.mil.bd | www.baf.mil.bd | www.facebook.com/baf.mil.bd